

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ৪২২

১/ বিবিধ

আরবী

من عمل بما يعلم، ورثه الله علم ما لم يعلم
موضوع

أخرجه أبو نعيم (10 / 14 - 15) من طريق أحمد بن حنبل عن يزيد بن هارون، عن حميد الطويل، عن أنس مرفوعا، ثم قال: ذكر أحمد بن حنبل هذا الكلام عن بعض التابعين، عن عيسى بن مريم عليه السلام، فوهم بعض الرواة أنه ذكره عن النبي صلى الله عليه وسلم فوضع هذا الإسناد عليه لسهولته وقربه، وهذا الحديث لا يحتمل بهذا الإسناد عن أحمد بن حنبل قلت: وفي الطريق إليه جماعة لم أعرفهم فلا أدري من وضعه منهم

বাংলা

৪২২। যে ব্যক্তি কিছু জেনে সে মাফিক আমল করল, আল্লাহ তাকে অধিকারী বানাবেন সেই জ্ঞানের যে জ্ঞান সে লাভ করেনি।

হাদীসটি জাল।

এটি আবু নুয়াইম (১০/১৪-১৫) আহমাদ ইবনু হাম্বাল সূত্রে ইয়াযীদ ইবনু হারুণ হতে, তিনি হুমায়েদ আত-তাবীল হতে ... বর্ণনা করেছেন। আহমাদ ইবনু হাম্বাল এ কথাটি কোন তাবেঈর সূত্রে ঈসা ইবনু মারইয়াম হতে উল্লেখ করেছেন। কোন এক বর্ণনাকারী সন্দেহ বশত সেটিকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উদ্ধৃতিতে উল্লেখ করে দিয়েছেন, এ সনদটি তার উপর তৈরি করার মাধ্যমে। এ হাদীসটি ইমাম আহমাদ হতে এ সনদের মাধ্যমে হওয়ার সম্ভবনা নেই।

আমি (আলবানী) বলছিঃ তার নিকট পর্যন্ত পৌঁছতে একদল বর্ণনাকারী রয়েছেন যাদেরকে আমি চিনি না। জানি না তাদের মধ্য হতে কে এটি জাল করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68007>

📄 হাদিসবিডিৰ থজেস্টে অনুদান দিন